

২০১৩ হজ কোটার সংকোচন

১.মার্চ ১৬,২০১৩ জেড্ডাতে হজযাত্রীর কোটা নিয়ে ভারত-সৌদী আরবের মধ্যে এক দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি অনুসারে ভারতীয় হজযাত্রীর সংখ্যা নিদ্ধারিত হয় ১ লক্ষ ৭০ হাজার ২৫জন। এর মধ্যে মুম্বাইয়ের ভারতীয় হজ কমিটি (এইচও সিআই) দ্বারা নির্বাচিত ১ লক্ষ ২৫ হাজার ২৫ জন তীর্থযাত্রী এবং বেসরকারি পর্যটন সংস্থা দ্বারা নির্বাচিত (পিটিও) ৪৫ হাজার তীর্থযাত্রী।

২. গত ৫ জুন,২০১৩ নয়াদিল্লিতে অবস্থিত সৌদী আরব দূতাবাস পররাষ্ট্রমন্ত্রককে লিখিত ভাবে জানায়, 'হারাম শরিফের' চতুর্পাশে পরিকাঠামোগত সুবিধা বাড়ানোর উদ্দেশ্যে তাঁরা স্থানীয়(সৌদীর) হজযাত্রীর সংখ্যা ৫০ শতাংশ এবং বিদেশি যাত্রীদের সংখ্যা ২০ শতাংশ হ্রাস করার সিদ্ধান্ত নিয়েছেন। এই পরিকাঠামোর উন্নয়নের ফলে হজযাত্রীদের নিরাপত্তা ও সুবিধা রক্ষিত হবে।

৩. সৌদী আরবের এই সিদ্ধান্তের দরুণ ভারতীয় হজযাত্রীর সংখ্যা ১ লক্ষ ৭০ হাজার ২৫ থেকে কমে দাঁড়াবে ১ লক্ষ ৩৬ হাজার ২০ জন। এই সিদ্ধান্তে উদ্বেগ জানিয়ে পররাষ্ট্রমন্ত্রক সৌদী আরব সরকারের দ্বারস্থ হয়ে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানান। ২১ জুন,২০১৩ সৌদী আরব সরকার সেই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে অপারগ বলে জানিয়ে দিয়েছেন।

৪. এই বিষয়ে উল্লেখ করা যেতে পারে যে, ১) এইচওসিআই ২০১৩ সালের হজযাত্রীদের তালিকা চূড়ান্ত করে ফেলেছেন এবং তাঁদের থেকে আংশিক অর্থ জমা নেওয়া হয়ে গিয়েছে, ২) যাত্রীদের বিমান পরিবহণ ও আবাসস্থলের ব্যবস্থাদি প্রায় চূড়ান্ত, ৩) ২০১৩ সালের হজযাত্রীদের অধিকাংশ(১ লক্ষ ২৩ হাজার ২৩) প্রথমবারের যাত্রী। আগের 'পাঁচ বছরের মধ্যে একবারের' নীতি পরিবর্তন করে 'জীবনে একবারের' জন্য হজ করার নিয়ম মেনে এইচওসিআই যাত্রী চয়ন করেছিলেন। বেসরকারি সংস্থা দ্বারা যাত্রীর চয়ন এখনো বাকি আছে।

৫. এই অবস্থার পরিপ্রেক্ষিতে এইচওসিআই দ্বারা নির্বাচিত যাত্রীদের বেসরকারি সংস্থার কোটায়(৪৫ হাজার) সুযোগ করে দেওয়ার সর্বাধিক উদ্যোগ নেওয়া হচ্ছে। সৌদী আরব দ্বারা আরোপিত ২০১৩ সালের ২০ শতাংশ যাত্রী সংকোচন(৩৪ হাজার ৫) মেনে নেওয়ার সিদ্ধান্ত

গৃহীত হয়েছে।এইচওসিআই দ্বারা নির্বাচিত বাতিল যাত্রীদের বেসরকারি কোটায় যাত্রা করার সুযোগ করে দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে।

নয়াদিল্লি

৮ জুলাই, ২০১৩